

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ঔষধ ভবন, মহাখালী, ঢাকা-১২১২
www.dgda.gov.bd

নং-ডিজিডিএ/২৯-২/০৯/ ২৭৬০২

তারিখ: ০৬/১১/২০১৬

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, “দি বেঙ্গল ড্রাগ রুলস ১৯৪৬” এর ৪৪ ধারা ও ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৮২ এর ১৫(২) ধারা লঙ্ঘনের দায়ে অনুচ্ছেদ ৬ এর ক্রমিক নং-০১ এ বর্ণিত প্রতিষ্ঠানটির উৎপাদন লাইসেন্স বাতিল করা হইয়াছে। ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৮২ এর ১৫(১) ধারা ও “দি বেঙ্গল ড্রাগ রুলস ১৯৪৬” এর ৩৭(এ, বি এবং সি) ধারা লঙ্ঘনের দায়ে অনুচ্ছেদ ৬ এর ০২ এ বর্ণিত প্রতিষ্ঠান এবং ঔষধ (নিয়ন্ত্রণ) অধ্যাদেশ ১৯৮২ এর ১৫(১) ধারা লঙ্ঘনের দায়ে ক্রমিক নং-০৩ এ বর্ণিত প্রতিষ্ঠান ০২টির উৎপাদন লাইসেন্স সাময়িক বাতিল করা হইয়াছে।

ইহা ছাড়া অনুচ্ছেদ ৬ এ বর্ণিত ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের উৎপাদিত লাইসেন্সভুক্ত পদসমূহ সরকারী বিশেষক, মহাখালী, ঢাকা কর্তৃক মানবহিত্তিত ঘোষিত হওয়ায় পদসমূহের রেজিস্ট্রেশন সাময়িক বাতিল করা হইয়াছে।

সূত্রে বর্ণিত তারিখ হইতে সাময়িক বাতিল/বাতিলকৃত লাইসেন্সের আওতায় কোন প্রকার ঔষধ এবং রেজিস্ট্রেশন সাময়িক বাতিলকৃত ঔষধসমূহ উৎপাদন, মওজুদ, বিক্রয় বিতরণ ও প্রদর্শন করা যাইবে না। সম্মানিত চিকিৎসকবৃন্দকে উল্লেখিত ঔষধসমূহের ব্যবহাপত্র প্রদান হইতে বিরত থাকিবার জন্য এবং জনসাধারণকে ঔষধসমূহ ব্যবহার না করিবার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল।

ক) ঔষধ উৎপাদন লাইসেন্স বাতিল ও সাময়িক বাতিলঃ

নং	প্রতিষ্ঠানের নাম	ঠিকানা	গৃহিত ব্যবস্থাদি
০১	মেসার্স নুভিসতা এ্যানিমেল হেলথ এন্ড ফ্রপক্কেয়ার লিঃ। (পূর্বনামঃ মেসার্স বসকো ল্যাবরেটরীজ লিমিটেড)	বিসিক শিল্প নগরী, টঙ্গী, গাজীপুর।	ঔষধ উৎপাদন লাইসেন্স নং- (জেব-৮৩, অজেব-২১৩) বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/এমএল-০৮৮/১২/১৫৯৭০, তারিখঃ ০৬/১০/২০১৬
০২	মেসার্স বিস্ট্রল ফার্মা লিঃ।	এস-১৩, এ-৩২ অংশ-কোনাবাড়ী, গাজীপুর।	ঔষধ উৎপাদন লাইসেন্স (জেব-২৪৭, অজেব-১৯৬) সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/এমএল-০৫৪/৮৭/১৪৬৫৫, তারিখঃ ১৯/০৯/২০১৬
০৩	মেসার্স ইষ্টল্যান্ড ফার্মাসিউটিক্যালস (ইউনানী)।	কাহালু, বগুড়া।	ইউনানী ঔষধ উৎপাদন লাইসেন্স নং-ইউ-২৬৭ সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/ইউ-০১/৯৪/১৪৯৪১, তারিখঃ ২৪/০৯/২০১৬

খ) ঔষধের রেজিস্ট্রেশন সাময়িকভাবে বাতিলঃ

নং	প্রতিষ্ঠানের নাম	ঔষধের বাণিজ্যিক নাম	জেনিরিক নাম, ব্যাচ ও ডিএআর নং	গৃহিত ব্যবস্থাদি
০১	মেসার্স জেনফার্মা (ইউনানী) লিঃ ফতুল্লা, নারায়নগঞ্জ।	১. ডুলোক্যাপক্যাপসুল	হাকোমুসিক, ব্যাচ নং-GD 002 ডিএআর নং-ইউ-৯৯-এ-০১৪	সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/ইউ-৯৯/(অংশ-২) /০৮/১৫৫৬৩ তারিখঃ ০৬/১০/২০১৬
		২. ভিয়েক্স ক্যাপসুল	জিনসেং, ব্যাচ নং-VX 24005 (প্যাকেট) ডিএআর নং- ইউ-৯৯-এ-০২৪	
০২	মেসার্স আইকেফার্মাসিউটিক্যালস (ইউনানী)। সূয়াপুর, ধামরাই, ঢাকা।	১. শরবতছদর	কার্ডিফেক্স ডিএআর নং- ইউ-৪৫-এ-০০৫	সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিএ/ইউ-৪৫/ ০৮/১৫৪৯৬ তারিখঃ ০২/১০/২০১৬
		২. শরবত দীনার	লিভোমেক্স ডিএআর নং- ইউ-৪৫-এ-০০৬	
০৩	মেসার্স গ্লোবল্যাবরেটরীজ (হোমিও) সান্তাহার রোড, নামাজগড়, বগুড়া।	সিরাপাজিনসিং-Q	ব্যাচ নং-০৭ ডিএআর নং-H-29-A-014	সাময়িক বাতিল করা হইয়াছে। স্মারক নং-ডিজিডিএ/এইচ-২৯/৮৪/১৪৬০৪ তারিখঃ ১৯/০৯/২০১৬


মেজর জেনারেল শোঃ মোজাফ্জুর রহমান

মহাপরিচালক

ঔষধ প্রশাসন অধিদপ্তর

এবং

লাইসেন্সিং অথরিটি (ড্রাগস)।

ফোনঃ ৯৮৮০৮০৩, Email: dgda.gov@gmail.com